

সচেতনতায় নারী শ্রোতাক্লাব



উখিয়ার থাইংখালী গৌজুঘোনা এলাকায় রেডিও সৈকত 'নারী শ্রোতাক্লাব' গঠন করে। এই ক্লাবের সদস্য ২০ জন। শ্রোতাক্লাবের সদস্যদের জানানো হয়, রেডিও সৈকত একটি কমিউনিটি রেডিও, যা কমিউনিটির মানুষের সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করে। যেমন: বাল্যবিবাহ, স্বাস্থ্য সচেতনতা, মাদকদ্রব্য গ্রহণের কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ইত্যাদি বিষয়ে কাজ করে। সেই সাথে ক্লাবের সদস্যদের জানানো হয় রেডিও সৈকতের সকল অনলাইন প্ল্যাটফর্ম নিয়ে। কিভাবে তারা রেডিও সৈকতের সাথে যুক্ত থাকতে পারবে সেই সব মাধ্যমগুলো জানানো হয় এবং সে মাধ্যমগুলো তাদের দেয়া হয়। তারা রেডিও সৈকতকে ধন্যবাদ জানায় এমন একটি উদ্যোগ গ্রহণের জন্য। নাটক এবং পিএসএ শোনার পর ক্লাবের সদস্য সাবেকুন্নাহার বলেন, নাটক এবং তথ্যগুলো তাদের অনেক ভালো লেগেছে এবং তারা জানতে পেরেছে কেন রোহিঙ্গা জনগণ এই দেশে এসে আশ্রয় গ্রহণ করেছে। তবে তারা অনুরোধ করেছেন তাদের দুঃখ-দুর্দশার কথাও যেন অনুষ্ঠানের মাধ্যমে সবাইকে জানানো হয়।

শ্রোতাক্লাবের উদ্যোগ আরো একধাপ এগিয়ে



রেডিও সৈকত উখিয়া থাইংখালী গৌজুঘোনা এলাকায় বিভিন্ন শ্রেণী পেশার পুরুষদের নিয়ে শ্রোতাক্লাব গঠন করে। শ্রোতাক্লাবের সদস্য ১২ জন। শ্রোতাক্লাব গঠনের জন্য গিয়েছিলেন রেডিও সৈকতের কো-অর্ডিনেটর গুলফান আরা হুরী এবং ইসরাত জাহান ইন্টার্ন। গুলফান আরা হুরী শ্রোতাক্লাবের সদস্যদের বলেন, রেডিও সৈকত একটি কমিউনিটি রেডিও যা কমিউনিটির মানুষের সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করে। যেমন: বাল্যবিবাহ, স্বাস্থ্য সচেতনতা, মাদকদ্রব্য গ্রহণের কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ইত্যাদি বিষয়ে কাজ করে। সেই সাথে ক্লাবের সদস্যদের জানানো হয় রেডিও সৈকতের সকল অনলাইন প্ল্যাটফর্ম নিয়ে। কিভাবে তারা রেডিও সৈকতের সাথে যুক্ত থাকতে পারবে সেই সব মাধ্যমগুলো জানানো হয় এবং সে মাধ্যমগুলো তাদের দেয়া হয়। ক্লাবের সদস্যরা বলেন তারা রেডিও সৈকত নিয়মিত শুনবেন এবং অনুষ্ঠান থেকে তথ্য নিয়ে তাদের দৈনন্দিন জীবনে কাজে লাগানোর চেষ্টা করবেন। তারা রেডিও সৈকতকে ধন্যবাদ জানায় এমন একটি উদ্যোগ গ্রহণের জন্য।

সম্প্রীতি বৃদ্ধিতে উখিয়া ক্যাম্পে শ্রোতাক্লাব



রেডিও সৈকতের নিয়মিত শ্রোতাক্লাব গঠনের জন্য উখিয়া উপজেলায় কাজ শুরু করে। এই ধারাবাহিকতায় ১ নাম্বার, কুতুপালং ক্যাম্পে রোহিঙ্গা জনগোষ্ঠী নিয়ে একটি নারী শ্রোতাক্লাব করা হয়, ক্লাবের সদস্য সংখ্যা ১৭ জন নারী। উখিয়াস্থ সকল ক্লাবে রেডিও সৈকত ন্যারোকাস্টিং এর মাধ্যমে ক্লাবের কার্যক্রম পরিচালনা করবে। রেডিও সৈকত জানায়, কিভাবে একে অপরের পাশে থেকে সামাজিক সংহতি বজায় রেখে শান্তিপূর্ণভাবে বসবাস করা যায় সেই সম্পর্কে। তাদেরকে রেডিও সৈকতের রোহিঙ্গা বিষয়ক নাটিকা, সামাজিক সম্প্রীতি বিষয়ক ম্যাগাজিন ন্যারোকাস্টিং এর মাধ্যমে শুনানো হয়। রোহিঙ্গাদের সাথে কথা বলার সময় এক পর্যায়ে রোহিঙ্গারা বলেন, তারা ক্যাম্পে স্থানীয়দের সাথে একসাথে বসবাস করে। রোহিঙ্গা জনগোষ্ঠী স্থানীয় জনগোষ্ঠীর প্রতি ধন্যবাদ জানান। আগামীতে রেডিও সৈকত রোহিঙ্গা এবং স্থানীয় জনগোষ্ঠীকে সম্প্রীতির বন্ধনের আবদ্ধ করার জন্য বিভিন্ন কার্যক্রম চালিয়ে এগিয়ে যাবে এই প্রত্যাশা রেডিও সৈকতের।



সৈকতের এগিয়ে চলা

শরণার্থীদের জীবন বুঝতে হলে তাদের কাছে যেতে হবে বলে জানিয়েছেন, চ্যানেল টুয়েন্টি ফোরের জেলা প্রতিনিধি আজিম নিহাদ। গত ১৮ সেপ্টেম্বর রোহিঙ্গাদের প্রতি স্থানীয় জনগোষ্ঠীর ক্ষোভ নিরসন এবং উভয় জনগোষ্ঠীর নিরাপদ সহবস্থান নিয়ে রেডিও সৈকতের বিশেষ আলাপচারিতা অনুষ্ঠানে তিনি আরো বলেন, WFP এর তথ্য অনুযায়ী রোহিঙ্গাদের খাবারের জন্য আগে যে সহায়তা দেওয়া হতো তা বর্তমানে ৮ ডলার অর্থাৎ ৮০০ টাকায় নামিয়ে আনা হয়েছে। এই অল্প টাকায় পুরো মাসের খরচ চালানো অসম্ভব। ফলে তারা ক্যাম্পের বাইরে কাজের সন্ধানে বের হন। কিন্তু রোহিঙ্গাদের সরলতার সুযোগ নিয়ে কিছু চক্র টাকার বিনিময়ে বিভিন্ন অপরাধমূলক কাজ করতে বাধ্য বা উৎসাহিত করছে। একই অনুষ্ঠানে মানবাধিকার কর্মী ও আইএফআরসির কমিউনিকেশন ম্যানেজার বরকত উল্লাহ মারুফ বলেন, রোহিঙ্গা জনগোষ্ঠী আসার ফলে স্থানীয় অনেক কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে এবং যেসব প্রকল্প গ্রহণ করা হয়েছে তার ২৫% স্থানীয় জনগোষ্ঠীর জন্য খরচ করা হচ্ছে। তিনি আরো বলেন, এইসব উদ্যোগ যদি বাড়ানো যায় তাহলে রোহিঙ্গা ও স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে মধ্যে সম্প্রীতি আরো বৃদ্ধি পাবে।

সমন্বয়কারী- কমিউনিটি রেডিও, রেডিও সৈকত

০১৭১৩৩২৮৮৪৬

www.radiosaikat.net

www.facebook.com/radiosaikat

www.coastbd.net

শ্রোতা মতামত

আমাদের নিয়মিত শ্রোতা রিমা অন-এয়ার চলাকালীন প্রতি সপ্তাহে একটি করে রান্নার প্রোগ্রাম রাখার অনুরোধ করেন। তিনি আরো বলেন, তার অনুরোধের গানের আসর খুব ভাল লাগে। তিনি রেডিও সৈকতকে ধন্যবাদ জানান।

এছাড়াও অন-এয়ার চলাকালীন কল্পবাজার সরকারি মহিলা কলেজের হোস্টেল থেকে বেশ কয়েকজন ছাত্রী অনুরোধের গানের আসর চলাকালীন গানের অনুরোধ করেন। তারা জানান, অনুরোধের গানের আসর তাদের বিনোদনের একমাত্র উৎস। তারা অনুরোধের গানের আসরের সময় আরো বাড়ানোর কথা বলেন।

শুভেচ্ছা বাণী

গত ২৪ সেপ্টেম্বর ২০২৩, স্বাস্থ্যবিধি বিষয়ক বিশেষ আলাপচারিতায় উপস্থিত ছিলেন ডা: রাদিয়া আফরোজ। তিনি আলাপচারিতা শেষে বলেন, রেডিও সৈকত সাধারণ জনগণের জীবনে বিভিন্ন সমস্যা নিয়ে নানা রকম প্রোগ্রাম করে আসছে। যা সাধারণ মানুষের নানা সমস্যার সমাধান দিচ্ছে। এজন্য তিনি রেডিও সৈকতকে ধন্যবাদ এবং শুভকামনা জানান।

স্বাস্থ্যবিধি বিষয়ক আলাপচারিতা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আমাদের নিয়মিত শ্রোতা মারুফা তাসিন। তিনি বলেন, আমাদের প্রায় সব প্রোগ্রাম তিনি শোনেন। তিনি বলেন, এইসব প্রোগ্রামে জীবনযুদ্ধে পিছিয়ে পড়া মানুষ কিভাবে নতুন উদ্যোগে কাজ করে নিজেদের অবস্থার উন্নতি করবে তার প্রেরণা পেতে পারে। তিনি রেডিও সৈকতের জন্য শুভকামনা জানান।